

“ওএমএস ডিলার নিয়োগ বিজ্ঞপ্তি”

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, খাদ্য মন্ত্রণালয়ের ০৯-১০-২০২৪ খ্রি. তারিখের ২০৫ নং স্মারকে জারীকৃত পত্রিত এবং ওএমএস নীতিমালা-২০২৪ মোতাবেক অর্থাৎ ১৩-১১-২০২৪ খ্রি. তারিখে অনুষ্ঠিত উপজেলা ওএমএস কমিটির সিদ্ধান্ত অনুযায়ী বাজিতপুর পৌরসভায় আগামী ০৫ (পাঁচ) বছরের জন্য ওএমএস কার্যক্রম পরিচালনার জন্য পৌরসভার নিম্নলিখিত বিক্রয় কেন্দ্রের জন্য ০৬ (ছয়) জন ডিলার নিয়োগ দেওয়া হবে। আগামী ১০-০৩-২০২৫ খ্রি. তারিখ বিকাল ০৫.০০ ঘটিকার মধ্যে আবেদনপত্র ও আবেদনপত্রে উল্লিখিত প্রয়োজনীয় কাগজপত্রাদি সংযুক্ত করে অত্র কার্যালয়ে জমা দেওয়ার জন্য আহ্বান করা যাচ্ছে।

ক্র. নং	বিক্রয় কেন্দ্রের নাম
০১	চন্দ্রগ্রাম দোয়াখানি মোড়, ভাগলপুর, বাজিতপুর
০২	মথুরাপুর মোড়, বাজিতপুর মেইন রোড
০৩	ভাগলপুর বাসট্যান্ড, ভাগলপুর, বাজিতপুর

ক্র. নং	বিক্রয় কেন্দ্রের নাম
০৪	খানার মোড় সংলগ্ন, বাজিতপুর
০৫	ফায়ার সার্ভিস মোড় সংলগ্ন, বাজিতপুর
০৬	বটতলা মোড়, ডাক বাঙ্গো সংলগ্ন, বাজিতপুর

ওএমএস নীতিমালা মোতাবেক ডিলার নিয়োগে নিম্নবর্ণিত যোগ্যতা ও শর্তাবলী প্রযোজ্য হবে।

ওএমএস ডিলারের যোগ্যতা:

- ক. বাংলাদেশের জাতীয় পরিচয়পত্র প্রাপ্ত ১৮ বছরের উর্ধ্বে যে কোনো নাগরিক আবেদন করতে পারবেন।
- খ. পৌরসভার ট্রেড লাইসেন্সধারী হতে হবে।
- গ. খাদ্যশস্যের লাইসেন্স প্রাপ্ত ব্যবসায়ী হতে হবে।
- ঘ. ওএমএস ডিলারের কমপক্ষে ০৩ (তিন) মে.টন খাদ্যশস্য সংরক্ষণের উপযোগী সংরক্ষণাগার থাকতে হবে।
- ঙ. মাল্যমানের হিসাব সংরক্ষণের সক্ষমতা থাকতে হবে।
- চ. নিজস্ব ব্যবস্থাপনায় সরকার কর্তৃক নির্ধারিত স্থানে খাদ্যশস্য বিক্রয় করতে হবে।
- ছ. খাদ্য অধিদপ্তরের কোনো ডিলার/মিলার/টিকাদার পূর্বে শাস্তিপ্রাপ্ত, কালো তালিকাভুক্ত বা যেকোনো অনিয়মের কারণে ডিলারশিপ বাতিল হলে তিনি ওএমএস ডিলারের জন্য আবেদন করতে পারবেন না।
- জ. খাদ্য অধিদপ্তরের নিয়ন্ত্রণাধীন কোনো পরিবহন টিকাদার, শ্রম টিকাদার, মিলার ও খাদ্যবাহক ডিলার হিসাবে কর্মরত কোনো ব্যক্তি/তীর উপর নির্ভরশীল কেউ এ কার্যক্রমের ডিলার হতে পারবেন না।
- ঝ. প্রজাতন্ত্রের লাভজনক পদে অধিষ্ঠিত কোনো কর্মকর্তা/কর্মচারী/জনপ্রতিনিধি ডিলার হতে পারবেন না।
- ঞ. কোনো ব্যক্তি ডিলারশিপ প্রাপ্ত হলে “নিজ ডিলারশিপ বাতীত অন্য কোন ডিলারের প্রতিনিধিত্ব করবেন না” মর্মে অঙ্গীকারনামা দাখিল করতে হবে; এর ব্যত্যয় হলে উভয় ব্যক্তির ডিলারশিপ বাতিল হবে।
- ট. ওএমএস ডিলার অথবা তার প্রতিনিধির স্মার্ট ফোন/তথ্য সংগ্রহের ইলেক্ট্রনিকস ডিভাইস থাকতে হবে এবং সংশ্লিষ্ট আপস ব্যবহারে সক্ষমতা থাকতে হবে।

ঠ. খোলা বাজারে খাদ্যশস্য বিক্রয় (ওএমএস) নীতিমালা- ২০২৪ অনুযায়ী লাইসেন্স প্রাপ্ত ব্যক্তিগণ এ নীতিমালায় নতুনভাবে আবেদন করবে।

ড. ওএমএস ডিলার লাইসেন্স হস্তান্তরযোগ্য নয়।

শর্তাবলী:

- ১। উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, বাজিতপুর, কিশোরগঞ্জ হতে অফেরতযোগ্য ৫০০ (পাঁচশত) টাকার বিনিময়ে নির্ধারিত আবেদনপত্র সংগ্রহ করতে হবে।
- ২। ওএমএস ডিলার নিয়োগ সংক্রান্ত বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।
- ৩। আবেদনপত্রে বিক্রয় কেন্দ্রের নাম উল্লেখ করতে হবে।
- ৪। কমিটি কর্তৃক নির্বাচিত ডিলারকে ৫০,০০০ (পঞ্চাশ হাজার) টাকা ফেরতযোগ্য জামানত পে-অর্ডার আকারে জমা প্রদান করতে হবে।
- ৫। বর্তমানে নিয়োজিত ডিলারগণ খোলা বাজারে খাদ্যশস্য বিক্রয় (ওএমএস) নীতিমালা-২০২৪ অনুসারে ওএমএস ডিলার হিসেবে নিয়োগ লাভের জন্য আবেদন করতে পারবেন।

নিম্নে উল্লিখিত কারণে আবেদন বাতিল হিসেবে গণ্য হবে:

- I. অসম্পূর্ণ আবেদন বাতিল বলে গণ্য হবে (চাহিত তথ্য ১০০% পূর্ণ থাকতে হবে)।
 - II. ট্রেড লাইসেন্স ও ফুড গ্রেইন লাইসেন্সে ব্যবসা প্রতিষ্ঠানের নামে বৈসাদৃশ্য থাকলে আবেদন বাতিল হবে।
 - III. বিজ্ঞপ্তিতে উল্লিখিত বিক্রয় কেন্দ্রের সন্নিকটে দোকান না থাকলে আবেদন বাতিল বলে বিবেচ্য হবে।
 - IV. ট্রেড লাইসেন্সে উল্লিখিত ব্যবসা প্রতিষ্ঠানের অস্তিত্ব না পাওয়া গেলে আবেদন বাতিল বলে পরিগণিত হবে।
 - V. ভাড়ায় দোকানের ক্ষেত্রে দোকান ভাড়ার চুক্তি ৩০০ টাকা স্ট্যাম্প না থাকলে আবেদন বাতিল বলে বিবেচ্য হবে। দোকান ভাড়ার চুক্তিপত্রে দোকানের অবস্থান, মালিকের স্বাক্ষর, স্বাক্ষরী স্বাক্ষর থাকতে হবে এবং ভূমি প্রমাণিত হলে আবেদন বাতিল হিসেবে গণ্য হবে।
 - VI. ওএমএস নীতিমালা- ২০২৪ এর উল্লিখিত ডিলারের যোগ্যতায় ঘাটতি থাকলে আবেদন বাতিল বলে গণ্য হবে।
 - VII. ব্যাংক স্বচ্ছলতার সনদের সাথে বিগত ১২ (বারো) মাসের লেনদেনের তথ্য থাকতে হবে এবং স্বচ্ছলতার বিষয়ে কমিটির সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।
 - VIII. ট্রেড লাইসেন্স পৌরসভার না হলে আবেদন বাতিল বলে গণ্য হবে।
 - IX. ফুড গ্রেইন লাইসেন্সের সাথে ব্যবসায়িক সম্পর্কবিহীন আবেদনকারী বাতিল বলে গণ্য হবে।
 - X. কোন আবেদনকারী নিয়োগ অনৈতিকভাবে প্রভাবিত করার চেষ্টা করলে তার আবেদন বাতিল বলে গণ্য হবে।
- বি.হ্র.- ওএমএস নীতিমালা- ২০২৪ অনুসরণ করে এই বিজ্ঞপ্তি প্রকাশ করা হলো। সরকার প্রয়োজনবোধে এই নীতিমালার যে কোন শর্ত ও বিষয় পরিবর্তন, পরিবর্তন, সংশোধন এবং সংযোজন করতে পারবে।


(তোহিদুল ইসলাম রিয়াদ)
উপজেলা খাদ্য নিয়ন্ত্রক
ও সদস্য সচিব,

উপজেলা ওএমএস কমিটি
বাজিতপুর, কিশোরগঞ্জ

অনুলিপি: সদয় অবগতির জন্য/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

১. জেলা প্রশাসক, কিশোরগঞ্জ
২. আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, ঢাকা বিভাগ, ঢাকা
৩. জেলা খাদ্য নিয়ন্ত্রক, কিশোরগঞ্জ
৪. চেয়ারম্যান উপজেলা পরিষদ, বাজিতপুর, কিশোরগঞ্জ
৫. উপজেলা নির্বাহী অফিসার, বাজিতপুর, কিশোরগঞ্জ
৬. পৌরসভা মেয়র/প্রশাসক, বাজিতপুর, কিশোরগঞ্জ
৭. উপজেলা অফিসার, বাজিতপুর, কিশোরগঞ্জ
৮. সম্পাদক সংবাদপত্র
৯. নোটিশ বোর্ড
১০. অফিস কপি

উপজেলা খাদ্য নিয়ন্ত্রক
ও সদস্য সচিব,
উপজেলা ওএমএস কমিটি
বাজিতপুর, কিশোরগঞ্জ